

বাক্বিতে ছাত্রদল সভাপতি দলীয় নেতাকর্মীদের হাতে অপদস্থ, ধাওয়া পাল্টাধাওয়া, ভাংচুর

বাক্বি সংবাদদাতা ৯ বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়ে ছাত্রদলের প্রকাশ্য ফ্রণিং-কোমন্ডের দাবানল থামাতে এসে ছাত্রদল কেন্দ্রীয় কমিটির সভাপতি সাহাবুদ্দীন লাল্টু বিষ্ণু ছাত্রদল নেতাকর্মীদের হাতে অপদস্থ ও আহত হয়েছেন। এ সময় ছাত্রদলের বাক্বি শাখা কমিটির পক্ষ ও-বিপক্ষের ছাত্রদের ধাওয়া পাল্টাধাওয়ায় ঘটনায় বাক্বির টিএসসিতে ব্যাপক ভাংচুর হয়। এ ঘটনার পর নতুন ঘোষিত ছাত্রদলের কমিটি বাতিল করা হয়েছে।
(১১-পৃষ্ঠা ২-এর ৩১ দেখুন)

বাক্বিতে ছাত্রদল (ক্রম পর পর)

গত বছর নবেম্বরে কাউন্সিলের মাধ্যমে ছাত্রদল বাক্বি শাখার ৫ সদস্যের কমিটি গঠিত হয়। পদগুলো হচ্ছে সভাপতি, সহসভাপতি (২ জন), সাধারণ সম্পাদক ও যুগ্ম সম্পাদক। এর পর পরই পূর্ণায় কমিটি গঠনের কথা থাকলেও তা প্রকাশ করা হয় চলতি বছর ১৬ জুন। উক্ত কমিটি প্রকাশের পরই ঘটনা দ্বারা দিকে মোড় নিতে থাকে। কমিটিতে স্থান না পাওয়া ত্যাপী নেতাকর্মী বলে দাবিদার ছাত্রনেতারা অতি নীচের উক্ত কমিটি বাতিল করে নতুন কমিটি গঠনের জন্য আলটিমেটাম দেয়। তারা কেন্দ্রীয় কমিটিকে জানায়, যদি উক্ত কমিটি বাতিল না করা হয়, তবে যে কোন অপ্রীতিকর ঘটনার জন্য কেন্দ্রীয় কমিটি দায়ী থাকবে।

৩০ জুন সোমবার বাক্বিতে ফ্রণিং-কোমন্ড মেটাতে আসেন ছাত্রদল কেন্দ্রীয় কমিটির সভাপতি সাহাবুদ্দীন লাল্টু, সহসভাপতি জয়ন্ত কুমার কুণ্ডু, সহসাধারণ সম্পাদক আসাদুল্লাহমান আসাদ এবং যুগ্ম সম্পাদক মোস্তফা খান সেকেন্দারী। বিকাল ৪টার দিকে তাঁরা ক্যাম্পাসে আসার সময় বিশ্ববিদ্যালয়ের বিষ্ণু ছাত্রদল নেতাকর্মী মিছিল নিয়ে ছুটে যায়। বিশ্ববিদ্যালয়ের জকারের মোড়ের কাছে কমিটিতে স্থান পাওয়া ফ্রণ ও স্থান না পাওয়া বিদ্রোহী ফ্রণের মধ্যে ধাওয়া পাল্টাধাওয়া হয়।

বিদ্রোহী ফ্রণের ধাওয়া শেষে কমিটির ফ্রণ টিএসসিতে এসে অবস্থান নেয়। বিদ্রোহী ফ্রণ জব্বারের মোড়ে লাল্টুসহ কেন্দ্রীয় নেতাবৃন্দকে বহনকারী গাড়ি অবরোধ করে রাখে। উত্তেজিত কিছু নেতাকর্মী উক্ত গাড়িকে লক্ষ্য করে ইট-পাটকেল নিক্ষেপ করে। কেউ কেউ গাড়ির ওপর লাঠি দিয়ে আঘাতও করে। এ সময় সবাই কমিটিবিরোধী শ্লোগান দেয়। অবস্থা বেগতিক দেখে লাল্টু গাড়ি থেকে বের হয়ে আসেন। বাক্বি শাখার উক্ত পর্যায়ের নেতারা তাঁকে ঘিরে রাখলেও অবিরাম ইট-পাটকেল বর্ষণ ও লাঠির আঘাতে লাল্টু আহত হন। অবশেষে অন্য নেতাদের কড়া নিরাপত্তায় লাল্টু হেঁটে টিএসসিতে আসতে থাকেন। তিনি টিএসসির নিকটবর্তী হলে বিদ্রোহী ফ্রণ মারিসোটাসহ টিএসসিতে অবস্থানরত কমিটিতে স্থান পাওয়া ফ্রণকে ধাওয়া করে। ধাওয়ায় কমিটি ফ্রণ বিভিন্ন স্থানে দৌড়ে পালায়। এই ঘটনায় টিএসসিতে ব্যাপক ভাংচুর ঘটে।